গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
পূর্বধলা, নেত্রকোণা
www.purbadhala.netrakona.gov.bd

## পূর্বধলা উপজেলা পরিষদের জুলাই ২০২৪ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : এ টি এম ফয়জুর সিরাজ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পূর্বধলা, নেত্রকোণা।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলনকক্ষ, পূর্বধলা।
সভার তারিখ ও সময় : ১১.০৭.২০২৪ খ্রি:, সময়- সকাল: ১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম ও পদবি স্বাক্ষরিতঃ পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি জানান আজ ৬ষ্ঠ উপজেলা পরিষদের প্রথম সভা। তিনি এ সভার সকলকে শুভেচ্ছা জানান এবং নির্বাচিত ভাইস চেয়ারম্যানগণকে অভিনন্দন জানান। তিনি ৫ম উপজেলা পরিষদের বিদায়ী চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণকে তিনি শুভেচ্ছা জানান। অতঃপর সভাপতি পরিষদ সভার সদস্য সচিব ও উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ খবিরুল আহসানকে জুলাই ২০২৪ মাসের সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার নবনির্বাচিত চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণকে উপজেলা প্রশাসন ও উপজেলা পরিষদের পক্ষ হতে শুভেচ্ছা জানান। এরপর তিনি বিগত জুন ২০২৪ মাসের পরিষদ সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় পঠিত কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার সভার সকল সদস্যকে নবনির্বাচিত চেয়ারম্যান ও ভাইসচেয়ারম্যানগণের সাথে পরিচিত হওয়ার জন্য ও বিভিন্ন বিভাগের কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানগণকে তাদের বক্তব্য উপস্থাপন করার জন্য অনুরোধ করেন। তাঁরা তাদের স্ব স্ব বক্তব্য সভায় উপস্থাপন করেন এবং বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | বিভাগের নাম ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | **উপজেলা কৃষি বিভাগ:**<br>উপজেলা কৃষি অফিসার, পূর্বধলা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। আমন ধান রোপণে কৃষকগণকে উৎসাহিত করার জন্য ইউপি চেয়ারম্যানগণ সহ উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন। | ০১। কৃষি বিভাগের বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নে সকলের সহযোগিতা করা ও আমন ধান রোপণে কৃষকগণকে উৎসাহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা কৃষি অফিসার, পূর্বধলা।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল), পূর্বধলা |
| ০২ | **স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ:**<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। এ ছাড়া বিদায়ী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান মহোদয়কে ধন্যবাদ জানান। এছাড়া হাসপাতালের সকল কার্যক্রম স্বাভাবিক নিয়মেই চলছে। | ১। উপজেলা স্বাস্থ্য বিভাগের বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নে সকলের সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, পূর্বধলা।<br>২।উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, পূর্বধলা। |
| ০৩ | **উপজেলা খাদ্য বিভাগ:**<br>উপজেলা খাদ্য কর্মকর্তা, পূর্বধলা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। খাদ্য বিভাগের ধান ক্রয় প্রক্রিয়া চলমান রয়েছে। যাতে সাধারণ কৃষকগণ সরকার নির্ধারিত মূল্যে গুদামে ধান বিক্রয় করেন সেইজন্য কৃষকগণকে উৎসাহিত করার জন্য ইউপি চেয়ারম্যানগণ সহ উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন। | ১। খাদ্য বিভাগের ধান ক্রয় প্রক্রিয়ায় সার্বিক সহযোগিতা ও এ সংক্রান্ত প্রচারে সহযোগিতার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পূর্বধলা।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল), পূর্বধলা |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ৪ | **যুব উন্নয়ন বিভাগঃ**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, এ উপজেলার আশ্রয়ণ প্রকল্পের ১০৫ জন সুবিধাভোগীকে উপজেলা প্রশাসনের সহযোগিতায় ও মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের অর্থায়নে বিভিন্ন ট্রেডে ১০(দশ) দিনব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | অত্র উপজেলার যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম স্বাভাবিক ও সুন্দরভাবে চলার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা যুব উন্নয়ন অফিসার, পূর্বধলা।<br>২। সংশ্লিষ্ট সকল। |
| ০৫ | **উপজেলা প্রকৌশল বিভাগঃ**<br>১। উপজেলা প্রকৌশলী, পূর্বধলা জানান যে, উপজেলা পরিষদের ফেব্রুয়ারী/২০২৪ মাসের সভায় ১৪(৩) ও ১৪(৪) নং ক্রমিকের সিদ্ধান্ত অনুযায়ী বাস্তবায়নের নিমিত্ত ০২ টি প্রকল্প (১। পূর্বধলা রাজধলা বিলপাড়ে সোলার লাইট স্থাপন এবং ২। বিভিন্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ফাস্ট এইড বক্স, টিফিন বক্স ও ওয়েট মেশিন সরবরাহ) ২০২৩-২৪ অর্থবছরের উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে গ্রহণ করা হয়। কিন্তু বিল উত্তোলনের সময় ভুলক্রমে রাজস্ব তহবিল হতে ০২ টি প্রকল্প বাবদ সর্বমোট ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা উত্তোলন করা হয়েছে। এমতাবস্তায় পরবর্তী জটিলতা এড়াতে ২০২৩-২৪ অর্থবছরের উন্নয়ন তহবিল (উদ্বৃত্ত) হতে ০২ টি প্রকল্প বাবদ সর্বমোট ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা রাজস্ব তহবিলে স্থানান্তর করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>২। উপজেলা প্রকৌশলী, পূর্বধলা জানান যে, উপজেলা পরিষদের আগস্ট/২০২৩ মাসের সভায় ৩০(ক) নং ক্রমিকের সিদ্ধান্ত অনুযায়ী বাস্তবায়নের নিমিত্ত ০১ টি প্রকল্প (পূর্বধলা উপজেলার আশ্রয়ণ প্রকল্পের শিক্ষার্থীদের স্কুল ড্রেস সরবরাহ) ২০২৩-২৪ অর্থবছরের উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে গ্রহণ করা হয়। কিন্তু বিল উত্তোলনের সময় ১ম অগ্রিম উন্নয়ন তহবিল হতে প্রদান করা হলেও ২য় ও শেষ কিস্তির অর্থ ১,০০,০০০/- (এক লক্ষ) ভুলক্রমে রাজস্ব তহবিল উত্তোলন করা হয়েছে। এমতাবস্তায় পরবর্তী জটিলতা এড়াতে ২০২৩-২৪ অর্থবছরের উন্নয়ন তহবিল (উদ্বৃত্ত) হতে ০১ টি প্রকল্পের ২য় কিস্তি বাবদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা রাজস্ব তহবিলে স্থানান্তর করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>৩। উপজেলা প্রকৌশলী, পূর্বধলা নিম্নোক্ত ০৩ টি প্রকল্প পিআইসির মাধ্যমে বাস্তবায়নের জন্য অনুরোধ করেন। এবিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>ক) উপজেলা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা সামগ্রী বিতরণ প্রকল্প-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।<br>খ) উপজেলা বিভিন্ন ক্রীড়া ক্লাব ও শিক্ষা প্রতিষ্ঠানে ক্রীড়া সামগ্রী বিতরণ প্রকল্প-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।<br>গ) হাজিবাড়ী জামে মসজিদে আইপিএস ক্রয় ও অযুখানা নির্মাণ এবং ইলাশপুর এতিমখানা জামে মসজিদ টাইলসকরণ প্রকল্প-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা। | ১। উন্নয়ন তহবিল (উদ্বৃত্ত) হতে ০২ টি প্রকল্প বাবদ সর্বমোট ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা রাজস্ব তহবিলে জমা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়<br><br>২। ২০২৩-২৪ অর্থবছরের উন্নয়ন তহবিল (উদ্বৃত্ত) হতে ০১ টি প্রকল্পের ২য় কিস্তি বাবদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা রাজস্ব তহবিলে স্থানান্তর করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়<br><br>৩। আলোচ্য প্রকল্প ০৩টি পিআইসি এর মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে ব্যয় করার সর্বসম্মত সিদ্ধান্ত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, পূর্বধলা।<br>২। সংশ্লিষ্ট সকল। |
| ০৬ | **প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পূর্বধলা সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে। তিনি এ অর্থবছরের সকল বরাদ্দকৃত নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি সুন্দর ও সুষ্ঠুভাবে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | অত্র উপজেলার এ অর্থবছরের সকল বরাদ্দকৃত কাজ জুন মাসের মধ্যে সম্পন্ন করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পূর্বধলা।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল), পূর্বধলা |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৭ | **প্রাথমিক শিক্ষা বিভাগ:**<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা, পূর্বধলা সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। গত মাসে ৩০ জন নতুন শিক্ষক যোগদান করেছেন। সুন্দর ও সুষ্ঠুভাবে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | ১। অত্র উপজেলার প্রাথমিক শিক্ষা বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে সুষ্ঠু ও সুন্দরভাবে চলার জন্য সকলের সহযোগিতার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা শিক্ষা অফিসার, পূর্বধলা।<br>২। সংশ্লিষ্ট সকল। |
| ০৮ | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ**<br>উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পূর্বধলা সভায় জানান যে, ঘুর্ণিঝড় রেমালের প্রভাবে জনস্বাস্থ্য প্রকৌশল অফিসের সামনে ভেঙ্গে পরা রেইনট্রি গাছ কর্তন করে অপসারণ করা হয়েছে। এজন্য তিনি ধন্যবাদ জানান। এছাড়া তার দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক নিয়মেই চলছে। | ঘুর্ণিঝড় রেমালের প্রভাবে জনস্বাস্থ্য প্রকৌশল অফিসের সামনে রেইনট্রি গাছটি কর্তন করে অপসারণের জন্য কর্তৃপক্ষকে ধন্যবাদ জ্ঞাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল। |
| ০৯ | **মৎস্য বিভাগঃ**<br>উপজেলা মৎস্য কর্মকর্তা, পূর্বধলা সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। কিন্তু কিছু অসাধু ব্যক্তি পোণা মাছ ধরে ক্ষতিসাধণ করছে। কেউ যাতে এই মৎস্য সম্পদের ক্ষতিসাধন না করতে পারেন সেই জন্য সকল জনপ্রতিনিধিগণের সহযোগিতা কামনা করেন। এছাড়া তার দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক নিয়মেই চলছে। | বর্ষা মৌসুমে দেশীয় ছোট মাছ রক্ষায় জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধির জন্য জনপ্রতিনিধিগণের সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মৎস্য অফিসার, পূর্বধলা।<br>২। সংশ্লিষ্ট সকল। |
| ১০ | **মহিলা বিষয়ক বিভাগঃ**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পূর্বধলা সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে। তিনি সুন্দর ও সুষ্ঠুভাবে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | অত্র উপজেলার মহিলা বিষয়ক বিভাগের কার্যক্রম স্বাভাবিক ও সুন্দরভাবে চলার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পূর্বধলা।<br>২। সংশ্লিষ্ট সকল। |
| ১১ | চেয়ারম্যান, পূর্বধলা সদর ইউপি:<br>তিনি সভায় জানান যে, তার ইউনিয়নের সার্বিক পরিবেশ স্বাভাবিক। তিনি এই পরিস্থিতি অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। তিনি তাঁর ইউনিয়নের কিছু রাস্তা জনসাধারণের চলাচলের জন্য দ্রুত মেরামত করা প্রয়োজন বলে সভায় জানান। | পূর্বধলা সদর ইউনিয়নের উল্লেখিত রাস্তাগুলো দ্রুত মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, পূর্বধলা।<br>২। সংশ্লিষ্ট সকল। |
| ১২ | চেয়ারম্যান, বিশকাকুনী ইউপি:<br>তিনি সভায় জানান যে, তার ইউনিয়নের সার্বিক পরিবেশ স্বাভাবিক। তিনি এই পরিস্থিতি অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া তিনি সভায় তার ইউনিয়নস্থ বিভিন্ন সরকারি রাস্তায় স্থাপিত কার্লভার্ট সমূহের মুখ বন্ধ করে পুকুর তৈরী করছেন। ফলে চলমান বর্ষায় জলাবদ্ধতার আশংকা তৈরী হচ্ছে। এ বিষয়ে তিনি দ্রুত পদক্ষেপ গ্রহণের জন্য সভাপতিসহ উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন। | সরকারি রাস্তায় স্থাপিত কার্লভার্টসমূহের মুখ বন্ধ করে পুকুর তৈরীর রোধে স্থানীয় সরকার বিভাগের 'গ্রামীণ সড়কের ধার ঘেঁষে পুকুর তৈরির বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ' সংক্রান্ত পরিপত্র অনুযায়ী পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, পূর্বধলা।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল), পূর্বধলা<br>৩। সংশ্লিষ্ট সকল। |

১৩ বিবিধঃ

**ক) উপজেলা পরিষদের বিবিধ/আনুষংগিক ব্যয়/ব্যয়োত্তর অনুমোদনঃ**

উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বিভিন্ন খাতে ব্যয়/ব্যয়োত্তর অনুমোদন প্রয়োজন। এবিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নোক্ত ব্যয়ের/ব্যয়োত্তর অনুমোদন সর্বসম্মতক্রমে অনুমোদিত হয়।

| | |
|---|---|
| ১ | জাহিদুল ইসলাম সুজন, উপজেলা চেয়ারম্যান এঁর জুন ২০২৪ মাসের সম্মানী- ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা |
| ২ | শেখ রাজু আহমেদ, ভাইস চেয়ারম্যান এঁর জুন ২০২৪ মাসের সম্মানী - ২৭০০০/- (সাতাশ হাজার) টাকা |

CamScanner

| | |
|---|---|
| ৩ | শারমিন সুলতানা সুমি, মহিলা ভাইস চেয়ারম্যান এঁর জুন, ২০২৪ মাসের সম্মানী- ২৭,০০০/- (সাতাশ হাজার) টাকা |
| ৪ | উপজেলা পরিষদের দক্ষ মালি এবং পরিচ্ছন্নতা কর্মীর জুন, ২০২৪ মাসের মজুরি- ২৯,৭০০/- (উনত্রিশ হাজার সাতশত) টাকা |
| ৫ | উপজেলা পরিষদের জুলাই, ২০২৪ মাসের আপ্যায়ন ব্যয়- ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা |
| ৭ | উপজেলা পরিষদের জুলাই, ২০২৪ মাসের আনুষংগিক ব্যয়- ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা |
| ১০ | ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির সকল প্রকল্প এবং উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) প্রকল্পের বিভিন্ন মালামাল/সেবা/নির্মাণ/মেরামতের টেন্ডার বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশের বিল- ১,৬০,৯৯৯/- টাকা। |
| ১১ | ১৪৩১ সালের হাট বাজার ইজারা বিজ্ঞপ্তি ০২টি পত্রিকায় প্রকাশের বিল বাবদ ব্যয়- ৫৬১২০/- (ছাপ্পান্ন হাজার একশত বিশ) টাকা। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। |

খ) উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন/ মালিকানাধীন বিভিন্ন স্থানে অবস্থিত মরা, ঝড়ে উপড়ে পড়া এবং বিনষ্টযোগ্য বিভিন্ন ধরণের গাছ বিক্রয়ের নিমিত্ত মূল্য নির্ধারণ কমিটিতে একজন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের প্রতিনিধি হিসেবে মনোনয়ন সংক্রান্ত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে পূর্বধলা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানকে মনোনয়ন প্রদান করা হয়।

গ) উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদের উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের কক্ষ দীর্ঘদিন যাবত কোন সংস্কার হচ্ছে না। কক্ষগুলো ও ওয়াশরুমগুলো ব্যবহারের প্রায় অনুপোযোগী হয়ে যাচ্ছে। দ্রুত কক্ষগুলো ওয়াশরুমসহ সংস্কার ও মেরামত করা প্রয়োজন। বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে পরিষদের রাজস্ব তহবিল হতে উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের কক্ষ ওয়াশরুমসহ সংস্কার ও মেরামত বাবদ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

ঘ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের সভাকক্ষে বসার জন্য নতুন চেয়ার ক্রয় করা প্রয়োজন। এছাড়াও উপজেলা চেয়ারম্যানের রুমে ব্যবহারের জন্য সোফা ও ভিজিটর কুশন চেয়ার ক্রয় করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে পরিষদের রাজস্ব তহবিল হতে উপজেলা পরিষদ সভাকক্ষে চেয়ার ক্রয় এবং উপজেলা পরিষদ চেয়ারম্যানের কক্ষে সোফা ও ভিজিটর চেয়ার ক্রয় বাবদ ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

ঙ) উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায় জানান যে, উপজেলা পরিষদ চেয়ারম্যানের জন্য বরাদ্দকৃত জীপগাড়িটির সাসপেনশন মেরামত, রঙ করা ও ইঞ্জিন মেরামত, নতুন হেডলাইট লাগানোসহ অন্যান্য মেরামত প্রয়োজন। দ্রুত মেরামত করা না হলে যেকোন সময় রাস্তায় দুর্ঘটনা ঘটতে পারে। বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে পরিষদের রাজস্ব তহবিল হতে উপজেলা পরিষদ চেয়ারম্যানের ব্যবহৃত গাড়িটি মেরামত বাবদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।

চ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, সদর ইউনিয়নের বিভিন্ন স্থানে মশা নিধন করা প্রয়োজন। বিস্তারিত আলোচনান্তে পূর্বধলা সদর ইউনিয়নে মশা নিধন করার জন্য সর্বসম্মতিক্রমে পরিষদের রাজস্ব তহবিল হতে ১০,০০০/- (দশ হাজার) টাকা ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।

ছ) উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায় জানান যে, উপজেলা পরিষদের বিভিন্ন জায়গায় ঝোপঝাড় ও পরিষদের ভিতরের বিভিন্ন স্থানে ময়লা আবর্জনা পরিস্কার পরিচ্ছন্ন করা প্রয়োজন। পরিষদের ঝোপঝাড় ও ময়লা আবর্জনা পরিস্কার পরিচ্ছন্ন করার জন্য বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে পরিষদের রাজস্ব তহবিল হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।

জ) উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায় জানান যে, উপজেলা পরিষদের অধিকাংশ সিসি ক্যামেরা নষ্ট হয়ে গেছে এবং ভাল রেজুলেশন নেই। নতুনভাবে পুরো পরিষদে সিসি ক্যামেরা স্থাপন করা প্রয়োজন। বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে পরিষদের রাজস্ব তহবিল হতে পরিষদের সিসি ক্যামেরা নতুনভাবে স্থাপনের জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।

১৪ **প্যানেল চেয়ারম্যান সংক্রান্ত আলোচনাঃ**

উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ১৫ (১) ধারা মোতাবেক উপজেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান সংক্রান্ত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্তভাবে প্যানেল চেয়ারম্যান নির্বাচন করা হয়।

জনাব মনি রানী কর্মকার, মহিলা ভাইস চেয়ারম্যান- প্যানেল চেয়ারম্যান ০১

জনাব আব্দুল্লাহ আল আলী, ভাইস চেয়ারম্যান- প্যানেল চেয়ারম্যান ০২

CamScanner

| | |
|---|---|
| ১৫ | উপজেলা নির্বাহী অফিসার, পূর্বধলা: সকল বিভাগের অনুমোদিত প্রকল্পের কাজ দ্রুততম সময়ে সম্পন্নের জন্য তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। চলতি বর্ষা মৌসুমে বিভিন্ন রাস্তায় মাটি ক্ষয়ে গিয়ে রাস্তায় ক্ষতি যাতে না হয় সেবিষয়ে ইউপি চেয়ারম্যানকে তদারকি করার জন্য অনুরোধ করেন। কোন এলাকায় বন্যা পরিস্থিতি দেখা দিলে তাৎক্ষণিকভাবে অবহিত করার জন্য অনুরোধ করা হয়। এই বর্ষায় তিনি সভায় উপস্থিত সবাইকে গাছ রোপণ করার এবং লোকজনকে উদ্বুদ্ধ করার অনুরোধ জানান। মাদকমুক্ত, ইভটিজিংমুক্ত, কিশোর গ্যাংমুক্ত পূর্বধলা গড়তে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। |
| ১৬ | সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পূর্বধলা: তিনি সভায় জানান যে, এটি ৬ষ্ঠ উপজেলা পরিষদের প্রথম সভা। ৫ম উপজেলা পরিষদের বিদায়ী চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণকে তিনি শুভেচ্ছা জানান। সকলের সহযোগিতায় ৬ষ্ঠ উপজেলা পরিষদের চেয়ারম্যান হিসেবে তিনি পূর্বধলাকে একটি আধুনিক উপজেলা হিসেবে গড়তে চান। সকল জনপ্রতিনিধি ও সরকারি কর্মকর্তাগণকে আন্তরিকতার সাথে তাদের স্বীয় দায়িত্ব পালনের মাধ্যমে সকল কার্যক্রম এগিয়ে নিয়ে যাওয়ার জন্য তিনি অনুরোধ করেন। পরিশেষে তিনি সকলের সুন্দর আচরণ, সুস্বাস্থ্য ও সুন্দর জীবন কামনা করেন। |

সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানগণ সজাগ দৃষ্টি রাখবেন মর্মে আশাবাদ ব্যক্ত করে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এটিএম ফয়জুর সিরাজ)
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ,পূর্বধলা,
নেত্রকোণা।

স্মারক নম্বর-০৫.৪৫.৭২৮৩.০০৬.০৬.০০১.২৪-৮২৪

তারিখ: ১১ জুলাই ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৬১-নেত্রকোণা-৫।
২. মাননীয় সংসদ সদস্য, সংরক্ষিত মহিলা আসন-৩২২।
৩. সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৫. জেলা প্রশাসক, নেত্রকোণা।
৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পূর্বধলা, নেত্রকোণা।
৭. ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, পূর্বধলা, নেত্রকোণা।
৮. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নেত্রকোণা।
৯. উপজেলা........................................................ অফিসার, পূর্বধলা, নেত্রকোণা।
১০. চেয়ারম্যান,....................................................... ইউপি (সকল), পূর্বধলা, নেত্রকোণা।
১১. জনাব.............................................................. সদস্য।

১১/০৭/২০২৪

(মোঃ খবিরুল আহসান)
উপজেলা নির্বাহী অফিসার
পূর্বধলা, নেত্রকোণা।
ফোন নম্বর: ০২৯৯৬৬৫৪২৩২
Email: unopurbadhala@mopa.gov.bd

CamScanner